সংবাদ বিজ্ঞপ্তি

## তথ্য অধিকার আইন বাস্তবায়নের দায়িত্ব সবার

দেশব্যাপি তথ্য মেলাসহ নানা আয়োজনে তথ্য জানার অধিকার দিবস ২০১০ উদযাপন করছে টিআইবি

**ঢাকা, ২৭ সেপ্টেম্বর ২০১০:** "তথ্য অধিকার আইন বাস্তবায়নের দায়িত্ব সবার" এ শ্লোগান ধারন করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এবং এর অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি (সনাক) ও ইয়ুথ এনগেইজমেন্ট এন্ড সাপোর্ট (ইয়েস) এর সদস্যগণ আগামীকাল ২৮ সেপ্টেম্বর নানা আয়োজনের মধ্য দিয়ে আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস ২০১০ উদযাপনের উদ্যোগ গ্রহণ করেছে।

মানুষের তথ্য অধিকার প্রতিষ্ঠার লক্ষ্য নিয়ে ২০০২ সালের পর থেকে বিশ্বের বিভিন্ন দেশ এ দিবসটি উদযাপন করে আসছে। টিআইবি শুরু থেকে তথ্য অধিকার বিষয়ে কাজ করে আসছে এবং ২০০৬ সালে থেকে এ দিবসটি আনুষ্ঠানিকভাবে পালন শুরু করে। এরই ধারাবাহিকতায় এ বছরও বিভিন্ন সনাক এলাকায় স্থানীয় সরকার এবং প্রশাসনের সক্রিয় অংশগ্রহণে মানববন্ধন, র‍্যালী, কার্টুন প্রদর্শনী, সেমিনার, মতবিনিময় সভা ও তথ্য মেলাসহ নানা আয়োজনের মধ্য দিয়ে দিবসটি উদযাপন করছে। এবারের বিশেষ আকর্ষণ দেশের ২৪টি অঞ্চলে সনাক ও ইয়েস কর্তৃক ২-৩ দিনব্যাপি তথ্য মেলা। উল্লেখ্য জামালপুর সনাকে গত ২৬ সেপ্টেম্বর তথ্য মেলা উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রী আবুল কালাম আজাদ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রী দিলীপ বড়ুয়া, জেলা প্রশাসক, ভারপ্রাপ্ত পুলিশ সুপার এবং টিআইবি'র নির্বাহী পরিচালকসহ আরও অনেকে।

দিবসটি উদযাপন উপলক্ষ্যে ৩৬টি সনাকের পাশাপাশি ঢাকাতেও বেশ কিছু কর্মসূচী গ্রহণ করেছে টিআইবি। এর মধ্যে রয়েছে পাঠচক্র, মানববন্ধন, তথ্য ও পরামর্শ ডেস্ক স্থাপন, মিডিয়া ক্যাম্পেইন, টিশার্ট, ফেস্টুন, স্টিকার ও তথ্যপত্র বিতরণ এবং তথ্য অধিকার ফোরামের সাথে যৌথভাবে গোলটেবিল আলোচনা সভা। ২৮ সেপ্টেম্বর থেকে ১২ অক্টোবর পর্যন্ত স্বাস্থ্য, শিক্ষা এবং স্থানীয় সরকার ক্ষেত্রে তথ্য অধিকার বিষয়ক তিনটি বিজ্ঞাপন প্রচার করা হবে এটিএন বাংলা, চ্যানেল আই এবং বিটিভিতে। একইসাথে বাংলাদেশ বেতার, রেডিও টুডে এবং এবিসি রেডিওতে তথ্য অধিকার বিষয়ক বিজ্ঞাপণ প্রচার করা হবে। তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক একটি ভাঁজপত্র প্রণয়ন করা হয়েছে যা সর্বসাধারণের মাঝে বিতরণ করা হচ্ছে। ঢাকা ইয়েস (ইয়ুথ এনগেজমেন্ট এন্ড সাপোর্ট) গ্রুপ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তথ্য ও পরামর্শ ডেস্ক পরিচালনা করছে। তথ্য অধিকার নিয়ে সেমিনার আয়োজন করছে উত্তরা ইউনিভার্সিটি ইয়েস, ইউল্যাব ইয়েস এবং সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট এর ইয়েস সদস্যরা। অপরদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইইআর, রোকেয়া হল ও ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ, ইউল্যাব এবং ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি এর ইয়েস গ্রুপ আয়োজন করছে তথ্য অধিকার বিষয়ক পাঠচক্র অনুষ্ঠানের।

এছাড়া তথ্য অধিকার ফোরামের সদস্য হিসেবে টিআইবি আজ এক মানব বন্ধনে অংশগ্রহণ করে এবং আগামীকাল সকাল ১০টায় এলজিইডি অডিটোরিয়ামে অনুষ্ঠিতব্য গোল টেবিল আলোচনা সভায় অংশগ্রহণ করবে।

**গণমাধ্যম যোগাযোগ**
**এস. এম. রিজওয়ান - উল - আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইল: ০১৭১৩ ০৬৫০১২
rezwan@ti-bangladesh.org